

RBI/ 2006-07/212

Ref. No. DGBA.CDD. No. H- 9743 / 15.01.001 / 2006-07

ডিসেম্বর ১৮, ২০০৬

চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর,
সরকার অ্যাকাউন্ট বিভাগ, কেন্দ্রীয় কার্যালয়
স্টেট ব্যাংক অব ইণ্ডিয়া / স্টেট ব্যাংক অব ইন্দোর/স্টেট ব্যাংক অব পাটিয়ালা/
স্টেট ব্যাংক অব বিকানির এবং জয়পুর/ স্টেট ব্যাংক অব সৌরাষ্ট্র/ স্টেট ব্যাংক অব ত্রাভাক্কোর/
স্টেট ব্যাংক অব হায়দ্রাবাদ/ স্টেট ব্যাংক অব মাইশোর/ এলাহাবাদ ব্যাংক/ ব্যাংক অব বরোদা /
ব্যাংক অব ইণ্ডিয়া/ ব্যাংক অব মহারাষ্ট্র / কানাড়া ব্যাংক/ সেন্ট্রাল ব্যাংক অব ইণ্ডিয়া /
করপোরেশন ব্যাংক / দেনা ব্যাংক / ইণ্ডিয়ান ব্যাংক / ইণ্ডিয়ান ওভারসীজ ব্যাংক /
পাঞ্জাব ন্যাশানাল ব্যাংক / সিন্ডিকেট ব্যাংক/ ইউকো ব্যাংক /
ইউনিয়ন ব্যাংক অব ইণ্ডিয়া / ইউনাইটেড ব্যাংক অব ইণ্ডিয়া

মাননীয় মহাশয়,

বিশেষ আমানত প্রকল্প -১৯৭৫
২০০৬ পঞ্জি-বর্ষের সুদ প্রদান

দয়া করে আমাদের বিজ্ঞপ্তি নং RBI/2005/ 235 ref No. DGBA.CDD. 15.01.001/ H-8400/
2005-06 তারিখ ডিসেম্বর ২০, ২০০৫ দেখুন যেখানে আমরা ২০০৫ পঞ্জি-বর্ষে স্পেশাল ডিপোজিট অ্যাকাউন্টের
অবশিষ্ট টাকার উপর শতকরা বার্ষিক ৮ শতাংশ সুদ দিতে উপদেশ দিয়েছি।

২। এই সম্পর্কে ভারত সরকার পাকাপাকিভাবে জানিয়েছে যে, ২০০৬ পঞ্জি-বর্ষে এস ডি এস-য়ের উপরে, পুনরাদেশ
না দেওয়া পর্যন্ত, বার্ষিক সুদের হার শতকরা ৮ শতাংশে অপরিবর্তিত থাকছে, তদনুসারে আপনাদের উপদেশ দেওয়া
যাচ্ছে যে আপনারা আপনাদের সমস্ত ডিপোজিট অফিসকে জানিয়ে দিন যে ২০০৬ পঞ্জি-বর্ষেও তারা যেন গ্রাহকদের
এস ডি এস অ্যাকাউন্টের উপর বার্ষিক শতকরা ৮ শতাংশ হিসাবে অ্যাকাউন্ট পেয়ী চেকের সাহায্যে সুদ প্রদান করেন।

৩। আপনারা আমাদের ৩০ ডিসেম্বর ২০০৩-এর বিজ্ঞপ্তি নির্দেশের (অনুলিপি সংযোজিত), এখন যেমন প্রযোজ্য,
পুনরল্লেখ করে আপনাদের সমস্ত ডিপোজিট অফিসকে ২০০৬ পঞ্জি-বর্ষের সুদ অবিলম্বে ২০০৭ সালের জানুয়ারী
মাসের প্রথম সপ্তাহের মধ্যে গ্রাহকদের মধ্যে বন্টনকরা নিশ্চিত করতে নির্দেশ দিন।

৪। দয়া করে প্রাপ্তি স্বীকার করুন।

আপনাদের বিশ্বস্ত

(ইমতিয়াজ আহমেদ)
অ্যাসিস্টেন্ট জেনারেল ম্যানেজার